



## 49034 - ইহরাম অবস্থায় পুরুষ ও নারীর কাপড়েরে মোজা পরা

প্রশ্ন

আমি যখন উমরার ইহরাম বঁধেছিলাম তখন আবহাওয়া ঠাণ্ডা ছিল বধিায় আমি কাপড়েরে মোজা পরেছি। এমতাবস্থায় আমার উপর কি আবশ্যিক হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

পুরুষ ইহরামকারীর জন্য কাপড়েরে মোজা পরা জায়যে নয়। পক্ষান্তরে মহিলাদেরে জন্য জায়যে আছে।

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) আল-শারহুল মুমত'ি গ্রন্থে (৭/১৫৪) বলেন:

মাসয়ালা: তার (নারীর) জন্য কাপড়েরে মোজা পরা কি হারাম?

জবাব: না। কাপড়েরে মোজা পরা পুরুষেরে জন্য হারাম।[সমাপ্ত]

যদি কোন পুরুষ ইহরামকারীর কাপড়েরে মোজা পরার প্রয়োজন হয় তাহলে তার জন্য পরা জায়যে হবে। তবে তাকে ফদিয়া দিতে হবে। ফদিয়া হলো: একটা ভড়ো বা ছাগল জবাই করা কথিবা ছয়জন মসিকীনকে খাবার খাওয়ানো কথিবা তিনদিনি রোযা রাখা। এই তিনটি বিষয়েরে মধ্য থেকে যবে কোনটি তিনি করতে পারনে।

স্থায়ী কমটিকি জিজ্ঞেসে করা হয়ছেলি: পায়ে কাপড়েরে মোজা পরা ও এটি পরে হজ্জেরে সময় তাওয়াফে কুদুম করা ও উমরার তাওয়াফ করার হুকুম কি?

জবাব:

হজ্জ বা উমরার ইহরামকারী পুরুষেরে জন্য কাপড়েরে মোজা পরা জায়যে নয়। যদি কোন রোগেরে কারণে বা অন্য কোন কারণে পরার প্রয়োজন হয় তাহলে পরা জায়যে হবে; তবে তার উপর ফদিয়া দয়ো ওয়াজবি হবে। ফদিয়া হলো: তিনদিনি রোযা রাখা কথিবা ছয়জন মসিকীনকে খাবার খাওয়ানো। প্রত্যকে মসিকীনকে অর্ধ সা' খজুর বা এ জাতীয় অন্য কিছু দয়ো কথিবা একটা ভড়ো বা ছাগল জবাই করা।[গবষণে ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমটি (১১/১৮৩)]